

## 12659 - যে ব্যক্তি বমি করে অনিচ্ছাকৃতভাবে সে বমি গিলে ফেলেছে তার রোযা কি বাতিল?

---

### প্রশ্ন

যে রোযাদার বমি করে সেটা অনিচ্ছাকৃতভাবে গিলে ফেলেছে তার হুকুম কি?

### প্রিয় উত্তর

যদি কেউ ইচ্ছাকৃতভাবে বমি করে তাহলে তার রোযা ভেঙ্গে যাবে। আর যদি অনিচ্ছাকৃতভাবে বমি চলে আসে তাহলে তার রোযা নষ্ট হবে না। অনুরূপভাবে যদি অনিচ্ছাকৃতভাবে বমি গিলে ফেলে তার রোযাও নষ্ট হবে না।

আল্লাহ্‌ই তাওফিকদাতা, আমাদের নবী মুহাম্মদ, তাঁর পরিবারবর্গ ও তাঁর সাহাবীবর্গের প্রতি আল্লাহ্‌র রহমত ও শান্তি বর্ষিত হোক।